
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং-৩২.০০.০০০০.০১৯.২৫.০৪৭.২৩-২২৯, তারিখঃ ০৮/১০/২০২৩ খ্রিঃ।

জনাব মোঃ মাসুদুর রহমান, উপসচিব (প্রশাসন-২), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ২৪/৯/২০২৩ তারিখে
ভিডব্লিউবি কার্যক্রম, খাদিমপাড়া ইউনিয়ন পরিষদ, সিলেট সদর পরিদর্শন প্রতিবেদন

| | | | |
|---|---|---|---|
| ০১। | প্রকল্প/কর্মসূচীর নাম | : | ভিডব্লিউবি কার্যক্রম। |
| ০২। | এপিএ সংশ্লিষ্টতা (কর্মসম্পাদন সূচকের নাম ও ক্রম নম্বর) ও অগ্রগতি | | [২.১.২] |
| ০৩। | প্রকল্প এলাকা | : | খাদিমপাড়া ইউনিয়ন পরিষদ, সিলেট সদর।<br>খাদিমপাড়া ইউনিয়নে ১৩০জন উপকারভোগীকে খাদ্য সহায়তা প্রদান করা হচ্ছে। |
| ০৪। | বাস্তবায়নকাল | : | জানুয়ারি ২০০৯ হতে চলমান। |
| ০৫। | বাস্তবায়নকারী সংস্থার নাম | : | মহিলা বিষয়ক অধিদপ্তর। |
| ০৬। | প্রকল্প/কর্মসূচির মোট প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) | : | ১৪৭৪২০০০০/- |
| ০৭। | বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতি | | ১০০% |
| ০৮। | প্রকল্প/কর্মসূচির অঙ্গওয়ারী বাস্তবায়ন অগ্রগতি (সিলেট) | | ক) আর্থিক (লক্ষ টাকায়): ১৪৭৪২০,০০০/-<br>খ) বাস্তব (%): ১০০% |
| ০৯। | প্রকল্প/ কর্মসূচির মূল উদ্দেশ্য ও কার্যক্রমসমূহ | : | ভিডব্লিউবি সরকারের সামাজিক নিরাপত্তা বেষ্টনীর একটি অন্যতম কাযক্রম। বাংলাদেশের দরিদ্র পীড়িত এবং দুঃস্থ গ্রামীণ মহিলাদের আর্থ-সামাজিক অবস্থার ইতিবাচক উন্নয়ন করা, যাতে তারা বিদ্যমান খাদ্য নিরাপত্তাহীনতা, পুষ্টিহীনতা, অর্থনৈতিক নিরাপত্তাহীনতা এবং নিম্ন সামাজিক মর্যাদার অবস্থানকে সফলভাবে অতিক্রম করে চরম দারিদ্র স্তরের উপরের অবস্থানে টিকে থাকার সক্ষমতা অর্জন করতে পারে।<br><br>ভিডব্লিউবি কর্মসূচির আওতায় ইউনিয়ন পর্যায়ে প্রতি ২বছর অন্তর অনলাইন আবেদনের মাধ্যমে উপকারভোগী নির্বাচন করা হয়। নির্বাচিত উপকারভোগীরা প্রতিমাসে ২২০/- টাকা হারে সঞ্চয় নিজের হিসাব নম্বরে জমাপূর্বক জমা স্লিপ দিয়ে ৩০কেজি করে চাল গ্রহণ করে থাকে। এছাড়া চুক্তিবদ্ধ এনজিও দ্বারা উপকারভোগীদেরকে জীবন দক্ষতা ও আয়বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান করা হয়। স্বাবলম্বী ও ক্ষুদ্র উদ্যোক্তা তৈরি করার নিমিত্ত উক্ত উপকারভোগীদেরকে ক্ষুদ্রঋণ দিয়ে সহযোগিতা প্রদান করা হয়। |
| ১০। | প্রকল্পের মাধ্যমে অর্জনযোগ্য ফলাফল | : | ১০০%। |
| ১১। | প্রকল্পে বিরাজমান সমস্যাসমূহ | : | পরিদর্শনকালে খাদিমপাড়া ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের উপস্থিতিতে কয়েকটি চালের বস্তা ওজন করা হয়। এতে প্রতি বস্তায় ৭০০/৮০০ গ্রাম করে চাল কম পাওয়া যায়। এছাড়া, বিতরণকৃত চালের বস্তায় মহিলা বিষয়ক অধিদপ্তরের সীল/নাম ছিল না। বিষয়টি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে দ্রুত জানানোর জন্য উপপরিচালককে পরামর্শ দেয়া হয়। |

| | | | |
|---|---|---|---|
| ১২। | সমস্যাসমূহ সমাধানের উপায় /সুপারিশসমূহ | : | ১। বিতরণকৃত চালের বস্তায় মহিলা বিষয়ক অধিদপ্তরের সীল/নাম থাকা এবং চালের বস্তার ওজন ৩০কেজি নিশ্চিত করার যথাযথ ব্যবস্থা নিতে হবে।<br>২। মাঠ পর্যায়ে মনিটরিং জোরদার করতে হবে।<br>৩। মাঠ পর্যায়ের মনিটরিং এর জন্য যানবাহনের ব্যবস্থা করা এবং মাঠ পর্যায়ে কর্মীর নিয়োগ দেয়া আবশ্যক। |




খাদিমপাড়া ইউনিয়ন পরিষদ, সিলেট সদর, ভিডব্লিউবি কর্মসূচির চাল বিতরণ ও চালের বস্তা পরিমাপের ছবি।

মোঃ মাসুদুর রহমান
উপসচিব (প্রশাসন-২)
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়